দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 1 AUG 2009 ...
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৬ ......

# জাতির অগ্রগতির স্বার্থেই মেয়েদের শিক্ষিত করে তুলতে হবে ঃ শিক্ষামন্ত্রী

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের উচ্চশিক্ষা এখনো কাঙ্ক্ষিত পর্যায়ে পৌঁছেনি। তবে উচ্চশিক্ষার ক্ষেত্র অনেক প্রসারিত হয়েছে। সরকার ইতোমধ্যে ৪ টি পাবলিক বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রকল্প হাতে নিয়েছে। আরও ২ টি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হবে বলে মন্ত্রী উল্লেখ করেন।

গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি মিলনায়তনে শামসুন্নাহার হলের প্রাক্তন ছাত্রীদের উদ্যোগে আয়োজিত 'পুনর্মিলনী-২০০৯ ও প্রাক্তন প্রভোস্টবৃন্দের সংবর্ধনা' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

শিক্ষা মন্ত্রী আরো বলেন, শিক্ষিত নারীরা সমাজের নিরক্ষর, বঞ্চিত ও অবহেলিত নারীদের সুশিক্ষায় আলোকিত করতে অগ্রণী ভূমিকা পালন করতে পারেন। জাতির বৃহত্তর অগ্রগতির স্বার্থেই সকল মেয়েকে শিক্ষিত করে তুলতে হবে।

'এসো মিলি প্রাণের বন্ধনে' শ্লোগানকে ধারণ করে হলের বর্তমান প্রভোস্ট নাজমা শাহিনের সভাপতিত্বে দিনব্যাপী অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, প্রোভিসি অধ্যাপক ড. হারুন-অর-রশিদসহ ১৯৭২ - ১৯৯২ সাল পর্যন্ত হল সংসদের নারী নেত্রী এবং হলের প্রাক্তন প্রভোস্টবৃন্দ উপস্থিত ছিলেন। পুনর্মিলনীতে বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলের প্রাক্তন ও বর্তমান ছাত্র-ছাত্রীদের মিলনমেলায় পরিণত হয়। দিনভর আড্ডা আর আনন্দের দিন কাটান শামসুন্নাহার হলের প্রাক্তন ছাত্রীরা। পুনর্মিলনীতে এসে সাবেক ছাত্রীরা আবেগে আপ্লুত হয়ে পড়েন। একে অপরকে জড়িয়ে ধরেন তারা।

শিক্ষামন্ত্রী তার বক্তৃতায় বলেন, দেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয় নেতৃত্ব দিয়েছে। দেশের সকল ভালো অর্জনের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় অঙ্গাঅঙ্গি ভাবে জড়িত। তিনি বলেন, বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করতে বিশ্ববিদ্যালয়কে বিশ্বমানের [illegible]রে তুলতে [illegible] এ লক্ষ্যে বিশ্বব্যাংক থেকে অর্থ সংগ্রহ করেছে। এর পরিমাণ স্বল্প হলেও তা দিয়ে উচ্চশিক্ষাকে এগিয়ে নেয়া হবে।

মন্ত্রী বলেন, প্রাথমিক ও মাধ্যমিক স্তরে এখন ছাত্র-ছাত্রীদের সংখ্যায় সমতা এসেছে। আগামী বছর থেকে মাধ্যমিক স্তরে বিনামূল্যে বই দেয়া হবে। মানসম্মত শিক্ষক তৈরির কাজ সরকার হাতে নিয়েছে। তিনি বলেন, ২০১১ সালের মধ্যে শতভাগ শিশুকে প্রাথমিক বিদ্যালয়মুখী করা হবে।

মন্ত্রী সমাজের প্রতি, রাষ্ট্রের প্রতি দায়বদ্ধতা থেকে সকলকে সাধারণ মানুষের জন্য কাজ করার আহ্বান জানান।